



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়


তারিখ: ০৪ মার্চ, ২০২১

শোক বার্তা

মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা, বীর মুক্তিযোদ্ধা ও স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিব জনাব হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম) এর মৃত্যুতে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা গভীর শোক প্রকাশ করেছেন।

প্রধান নির্বাচন কমিশনার আজ এক শোক বার্তায় জনাব এইচ টি ইমাম এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

শোকবার্তায় প্রধান নির্বাচন কমিশনার জানান, জনাব এইচ টি ইমাম বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিব হিসেবে স্বাধীনতা উত্তরকালে সরকার পরিচালনা এবং জনপ্রশাসন ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।



(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd